

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-২০৫৭৪

তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ
২২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়: '৬৭তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪'-এর দিনগুলোতে শ্রেণিকার্যক্রম বন্ধ ও চালু থাকা প্রসঙ্গে।

শিশু থেকে ১২শ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, '৬৭তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪' এর বাছাই ও চূড়ান্ত প্রতিযোগিতা আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ বুধবার ও ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ সার্জেন্ট জহুরুল হক হল খেলার মাঠে অনুষ্ঠিত হবে এবং শুভ উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

উক্ত প্রতিযোগিতার দিনগুলোতে বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম নিম্নরূপ:

- (১) ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ বুধবার বিদ্যালয়ে শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। উক্ত দিন ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শ্রেণিকার্যক্রম চলমান থাকবে।
- (২) ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। তবে উক্ত দিন শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শ্রেণিকার্যক্রম চলবে। উক্ত দিন একাদশ ও দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। তবে একাদশ শ্রেণি ও দ্বাদশ শ্রেণির সংশ্লিষ্ট শিক্ষার্থীরা একাদশ শ্রেণির 'নবীনবরণ - ২০২৪' অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকবে।
- (৩) ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার ১০ম শ্রেণির শিক্ষার্থীরা বিশেষ অনুশীলন পরীক্ষা শেষে যথাসময়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- (৪) ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ রবিবার সকল শ্রেণির শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে এবং প্যারেড (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত বাছাইকৃত শিক্ষার্থীরা), ডিসপ্লে (বাছাইকৃত শিক্ষার্থীরা) ও পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে সকাল ৮:০০ টার মধ্যে উপস্থিত থাকবেন।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-২০৫৭৪

তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ
২২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সম্মানিত শ্রেণিশিক্ষকবৃন্দ
- ২। অফিস কপি (প্রশাসন)
- ৩। সম্মানিত সমন্বয়কারীবৃন্দ
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা
- ৫। নোটিস বোর্ড
- ৬। ওয়েবসাইট (www.udayan.edu.bd)